# শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি
## মাল্লাগুড়ি, শিলিগুড়ি,
## দার্জিলিং

বিজ্ঞপ্তি (E.O.I. No. 1/2025-26)
(2nd Call)

স্মারক নং 215/SRMC তারিখ- 21/4/2025

এতদ্বারা জানানো যাইতেছে যে, ভালমানসী উপ বাজার চত্বরে ২৫ টি দোকান ঘর এককালিন কিস্তি মূল্য (ফেরৎযোগ্য) ও ভাড়ার ভিত্তিতে লটারীর মাধ্যমে বন্টন করা হইবে। ইচ্ছুক ব্যাক্তিগণকে আগামি ইং- ২২/০৪/২০২৫ তারিখ হইতে ১৩/০৫/২০২৫ তারিখ পর্যন্ত সকাল ১১ টা হইতে দুপুর ২ টার মধ্যে (ছুটির দিন বাদে ) নির্ধারিত ফর্মে আবেদন করতে অনুরোধ করা হচ্ছে। আবেদন পত্রের মূল্য ১০০/- (এক শত) টাকা মাত্র। ইচ্ছুক ব্যাক্তিগণকে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির অনুকুলে অফেরৎযোগ্য- ১ টি দোকান ঘরের জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকার DCR/DD সহযোগে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হইতেছে।
কেবলমাত্র লটারীতে অসফল ব্যাক্তিকে উল্লেখিত DCR/DD ফেরৎ দেওয়া হইবে।
বিস্তারিত তথ্যাবলীর জন্য শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

### নিয়মাবলী :-

১। দোকান ঘরগুলি লটারীর মাধ্যমে বন্টিত করা হবে।
২। দোকান ঘরের সংখ্যা, দোকান ঘরের পরিমাপ, সুদ বিহীন ফেরৎযোগ্য ধার্য্য মূল্য ও ভাড়ার ধার্য্য মূল্য শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির দ্বারা নির্ধারিত হয়েছে।
যথাক্রমে-

| দোকান ঘরের সংখ্যা | দোকান ঘরের পরিমাপ | সুদ বিহীন ফেরৎযোগ্য ধার্য্যমূল্য | প্রতি মাসে ধার্য্য ভাড়া |
|---|---|---|---|
| ২৫ টি | ১০০ বর্গ ফুট | ৫০০০/- টাকা | ২৫০০/- টাকা |

৩। আবেদনকারীকে অবশ্যই কৃষিজ পণ্য নিয়ে ব্যবসা করতে হবে।অন্যথায় আবেদন যোগ্য হবে না ও যদি কেউ আবেদন করে থাকে তবে তা বাতিল বলে গন্য হবে।
৪। আবেদনপত্রের (নির্ধারিত বয়ানের) সাথে -
(ক) আবেদনকারীর বৈধ ট্রেড লাইসেন্স।
(খ) আবেদনকারীর শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির বৈধ লাইসেন্স।
(গ) আবেদনকারীর ভোটার কার্ড জেরক্স কপি।
(ঘ) আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি
(ঙ) আবেদনকারীর সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
(চ) Siliguri Regulated Market Committee এর অনুকুলে (ফেরৎযোগ্য) ৫০০০/- (পাঁচ হাজার)টাকা DCR/DD সহযোগে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হচ্ছে। কেবলমাত্র লটারীতে অসফল ব্যাক্তিকেই উল্লেখিত DCR/DD ফেরৎ দেওয়া হইবে।
৬। বাজার সমিতি সাথে চুক্তিপত্র তৈরি করে নিতে হবে ও ১৫ (পনেরো) দিনের মধ্যে দোকান ঘর চালু করতে হবে। অন্যথায় তার বিতরন প্রক্রিয়া বাতিল বলে গন্য করা হবে।
৭। চুক্তিপত্র প্রতি বছর অন্তর পুনরায় নবিকরণ হবে এবং ভাড়া বৃদ্ধি হবে ১০ শতাংশ করে।
৮। দোকান ঘরের ভাড়া সরকার নির্ধারিত ধার্য্যমূল্যে প্রতিমাসে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতিকে প্রদান করতে হবে।
৯। দোকান ঘরের বৈদ্যুতিক লাইন স্থাপন করলে স্থানীয় ইলেকট্রিক অফিসে যোগাযোগ করতে হবে। প্রয়োজনে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি NOC প্রদান করবে।
১০। এক জন আবেদনকারী কেবল মাত্র একটি ঘরের জন্য আবেদন করতে পারবে। যদি কোনো আবেদনকারী একাধিক আবেদন পত্র জমা করে তবে তার সব আবেদন পত্রগুলি বাতিল বলে ঘোষিত হবে।
১১। যদি কোনো আবেদনকারী নামে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির কোন দোকান ঘর থেকে থাকে সেক্ষেত্রে তিনি আর আবেদনকারী হিসেবে বিবেচিত হইবে না ।যদি এরকম কোন আবেদনকারী আবেদন করে থাকে তবে তা বাতিল বলে ঘোষিত হবে।
১২। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।
বিস্তারিত তথ্যাবলীর জন্য শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

অনুপম মৈত্র
সচিব 21/04/2025
শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি